**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ২৬৪ -এ, তারিখঃ ২২/০৫/২০২৫ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

অত্র কোর্টের হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রত্যেক কোর্ট থেকে বিবরণী শাখায় যে ডিসপোজাল স্লিপ পাঠানো হয় তা বিবরণী শাখা থেকে সরাসরি অনলাইনে গ্রহণ ও প্রিন্ট করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাই, ডিসপোজাল স্লিপ প্রিন্ট করে শাখায় পাঠানোর আর প্রয়োজন নেই। তবে, যেহেতু শাখা হতে ডিসপোজাল স্লিপ প্রিন্ট করা হবে সেহেতু শুনানীর পর যদি দ্রুত তথ্য আপডেট না করা হয় তাহলে শাখায় সংরক্ষিত তথ্য অসম্পূর্ণ থেকে যাবে । এমতাবস্থায়, শুনানী অনুষ্ঠিত হওয়ার পর দ্রুত সময়ে (০৭ দিনের মধ্যে) কজলিস্টে মামলার ফলাফল ও ডিসপোজাল সম্পর্কিত তথ্য এন্ট্রি ও আপডেট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(আশফাক আহমেদ)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন-০২-২২৩৩৫১৭১৬

বেঞ্চ অফিসার (সকল)
হাইকোর্ট বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ:**
সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)